

3 (Sem-4/CBCS) BEN CC

2022

BENGALI

(Modern Indian Language)

Paper : BEN-CC-4016

(উনিশ ও কুড়ি শতকের বাংলা সাহিত্য—২)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটি) : $১ \times ১০ = ১০$

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের প্রথম অঙ্কে কয়টি গর্ভাঙ্ক রয়েছে?
- (খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল?
- (গ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্কের স্থান কোথায় ছিল?
- (ঘ) 'এখন কি আর নাগর তোমার' গানটি 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে কে গেয়েছে?

- (ঙ) “মদ্য মাস খোঁয়ে ঢলাঢলি কল্লেই কি সভ্য হয়?—একেই কি বলে সভ্যতা?”
‘একেই কি বলে সভ্যতা?’ নাটকে উপরে উল্লিখিত সংলাপটি কে বলেছে?
- (চ) “তাহার নামটি একটু অদ্ভুতগোছের ছিল।”
‘ভোটোর সাবিত্রীবালা’ গল্পের এই অদ্ভুতগোছের নামটি কী?
- (ছ) ‘সীমারেখার সীমা’ গল্পে ছবির স্বামীর নাম কী?
- (জ) ‘সারেঙ’ গল্পে গহরালির জমির পরিমাণ কতটা ছিল বলে লেখক উল্লেখ করেছেন?
- (ঝ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘শেষকথা’ গল্প প্রথম কবে প্রকাশিত হয়েছিল?
- (ঞ) “অমনি বিরামি সিকা ওজনের চড় পড়ল তার গালের উপর।”
কার গালের উপর চড় পড়েছিল?
- (ট) ‘দত্তা’ উপন্যাসের বিজয়ার পিতার নাম কী?
- (ঠ) “... আমি শুনেচি, তিনি একঘরে।”
‘দত্তা’ উপন্যাসে বিজয়ার এই উক্তিে বিজয়া ‘তিনি’ বলতে কাকে বুঝিয়েছে?
- (ড) নরেন্দ্র কোথা থেকে ডাক্তারি পাশ করে এসেছিল?
- (ঢ) জগদীশবাবু কার কাছে তাঁর সমস্ত সম্পত্তি বিক্রিকবাল্যায় বাঁধা দিয়েছিলেন?
- (ণ) বিজয়া কার বাড়ির দুর্গাপূজা বন্ধের আদেশ দিয়েছিল?

২। নিম্নলিখিত যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- (ক) “যা বল ভাই, কিন্তু ওরা দুজনে লেখাপড়া বেশ জানে।”
এখানে ‘ওরা দুজন’ বলতে কাদের কথা বলা হয়েছে?
- (খ) “হায়, আমার বংশেও এমন কুলাঙ্গার জন্মেছিল?”
উক্তিটির বক্তা কে? এখানে কাকে ‘কুলাঙ্গার’ বলা হয়েছে?
- (গ) ‘একেই কি বলে সভ্যতা?’ গ্রন্থে কালীবাবুর সম্পূর্ণ নাম কী ছিল? তিনি কার ভ্রাতৃপুত্র ছিলেন?
- (ঘ) “... ঘরটা বানানো হয়েছিল টালীর ছাত দিয়ে।”
‘সীমারেখার সীমা’ গল্পে ঘরটা কার জন্যে বানানো হয়েছিল? ঘরটা কয়তলার ছাতে ছিল?
- (ঙ) সাবিত্রীবালার স্বামীর নাম কী ছিল? তার স্বামী কী কাজ করতেন?
- (চ) “হুজুরের যদি চাকরের দরকার থাকে আমাকে রাখতে পারেন।”
এখানে বক্তা কে? কার উদ্দেশ্যে সে কথাটি বলেছে?
- (ছ) ‘দত্তা’ উপন্যাসে তিন বন্ধু কাকে সাক্ষী করে, কী প্রতিজ্ঞা করত?
- (জ) নলিনী দয়ালবাবুর কে ছিল? সে কেন দয়ালবাবুর বাড়িতে এসেছিল?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে অঙ্কিত হরকামিনী চরিত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্কের বিষয়বস্তু সংক্ষেপে বুঝিয়ে লেখো।
- (গ) "এখন আর সে রাবণও নাই, সে সোনার লঙ্কাও নাই।"
উক্তিটির বক্তা কে? সপ্রসঙ্গ উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো।
- (ঘ) 'সীমারেখার সীমা' গল্পের সতীনাথ চরিত্রের বিশেষত্বের ওপর আলোকপাত করো।
- (ঙ) 'শেষকথা' গল্প অবলম্বনে বুড়ীর মৃত্যুদৃশ্যের বর্ণনা দাও।
- (চ) 'সারেঙ' গল্পে নাসিমের হার চুরির ঘটনা সপ্রসঙ্গ বর্ণনা করো।
- (ছ) 'দত্তা' উপন্যাস অবলম্বনে বিজয়া ও নরেন্দ্রের সরস্বতী নদীর পারে সাক্ষাৎকার দৃশ্যের সবিস্তার বর্ণনা দাও।
- (জ) বিজয়ার জীবনে দয়ালবাবুর ভূমিকা বর্ণনা করো।

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৪ = ৪০$

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে প্রতিফলিত তৎকালীন সমাজজীবনের পরিচয় দাও।

- (খ) প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা?'-র সার্থকতা বিচার করো।
- (গ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের নবকুমার চরিত্র সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের নামকরণ সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।
- (ঙ) 'সীমারেখার সীমা' গল্পের ছবি চরিত্রের স্বরূপ আলোচনা করো।
- (চ) ছোটগল্প হিসেবে 'ভোটের সাবিত্রীবালা' গল্পের সার্থকতা বিচার করো।
- (ছ) 'শেষকথা' গল্পের নামকরণ বিষয়ে যুক্তিসহ আলোচনা করো।
- (জ) নারীচরিত্র সৃষ্টিতে শরৎচন্দ্রের কৃতিত্ব 'দত্তা' উপন্যাসের বিজয়া চরিত্র অবলম্বনে বুঝিয়ে লেখো।
- (ঝ) নরেন্দ্র ও বিলাসবিহারী চরিত্র দুটি সম্পর্কে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।
- (ঞ) " 'দত্তা' উপন্যাসটির কাহিনির কেন্দ্রে রয়েছে নরেন্দ্র ও বিজয়ার প্রেম।"
'দত্তা' উপন্যাস অবলম্বনে মন্তব্যটির যথার্থ্য বিচার করো।
